রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২০, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**বিদ্যালয়-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ মাঘ ১৪১৯/১৭ জানুয়ারি ২০১৩

**নং ৩৮.০০৭.০১৫.০০০.০১.০০.২০১১-৩৪**—সরকার দেশে বিদ্যমান বিভিন্ন প্রকৃতির বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ এবং কর্মরত শিক্ষকদের চাকুরী সরকারিকরণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

২.০ বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত এমপিওভুক্ত, স্থায়ী নিবন্ধনপ্রাপ্ত, অস্থায়ী নিবন্ধনপ্রাপ্ত, পাঠদানের অনুমতিপ্রাপ্ত, বর্তমানে চালু থাকা কমিউনিটি এবং সরকারি অর্থানুকূল্যে এনজিও কর্তৃক নির্মিত প্রাথমিক বিদ্যালয়সহ ২৭ মে ২০১২ তারিখের পূর্বে স্থাপিত ও পাঠদানের অনুমতির জন্য আবেদনকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ, ক্ষেত্রমতে প্রযোজ্য বিধি-বিধান ও নীতিমালার আলোকে যাচাই-বাছাই সাপেক্ষে, এই সিদ্ধান্তের আওতাভুক্ত হইবে।

৩.০ জাতীয়করণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত বিদ্যালয়সমূহের সম্পদ, অবকাঠামোগত অবস্থা, পাঠদান পরিস্থিতি, শিক্ষকের যোগ্যতা ও নিয়োগ পদ্ধতি বাস্তব যাচাইয়ের মাধ্যমে অধিগ্রহণের উপযুক্ত বিদ্যালয় ও কর্মরত শিক্ষকগণের চাকুরী সরকারিকরণের বিষয়ে সুপারিশ প্রদানের উদ্দেশ্যে উপজেলা/থানা, জেলা ও জাতীয় পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠন করা হইল।

৩.১ **উপজেলা/থানা যাচাই-বাছাই কমিটি**

৩.১.১ **উপজেলার ক্ষেত্রে**

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী কর্মকর্তা | আহবায়ক |
| (২) | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| (৩) | ইউআরসি ইনস্ট্রাক্টর/জ্যেষ্ঠ সহকারী উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| (৪) | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| (৫) | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য-সচিব |



মূল্য ঃ টাকা ৮.০০

**৩.১.২ ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর মহানগরের থানার ক্ষেত্রে**

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য প্রযুক্তি) | আহবায়ক |
| (২) | জেলা প্রশাসক মনোনীত ১ জন সহকারী কমিশনার | সদস্য |
| (৩) | সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| (৪) | জেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| (৫) | সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসার | সদস্য-সচিব |

**উপজেলা/থানা কমিটির কর্ম-পরিধি :**

(ক) সকল বিদ্যালয় সরেজমিন পরিদর্শন ও সংশ্লিষ্ট দলিলপত্র পরীক্ষাপূর্বক অধিগ্রহণযোগ্য বিদ্যালয়ের তালিকা প্রণয়ন ;

(খ) অধিগ্রহণের জন্য সুপারিশকৃত বিদ্যালয়ে কর্মরত শিক্ষকের যোগ্যতা, নিয়োগ ও প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি পরীক্ষাপূর্বক সরকারিকরণযোগ্য শিক্ষকের তালিকা প্রণয়ন;

(গ) বিদ্যালয় অধিগ্রহণ ও শিক্ষকের চাকুরী সরকারিকরণ সম্পর্কে সুপারিশসহ সংযুক্ত ছকে (ছক-ক, খ, গ ও ঘ) প্রাসঙ্গিক তথ্যাবলী পরবর্তী ৩০ দিনের মধ্যে জেলা যাচাই-বাছাই কমিটির বরাবর প্রেরণ।

**৩.২ জেলা যাচাই-বাছাই কমিটি**

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | আহ্বায়ক |
| (২) | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| (৩) | পিটিআই সুপার | সদস্য |
| (৪) | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| (৫) | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য-সচিব |

**জেলা কমিটির কর্ম-পরিধি :**

(ক) উপজেলা/থানা যাচাই-বাছাই কমিটির সুপারিশকৃত বিদ্যালয়সমূহের দলিলপত্র ও সংশ্লিষ্ট তথ্যাদি পরীক্ষাসহ দৈবচয়ন (Random) ভিত্তিতে ন্যূনতম ১০% বিদ্যালয় সরেজমিন পরিদর্শন ;

(খ) চাকুরী সরকারিকরণের জন্য উপজেলা/থানা যাচাই-বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের যোগ্যতা, নিয়োগ ও প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাবলী যাচাই;

(গ) যাচাই-বাছাই শেষে বিদ্যালয় অধিগ্রহণ ও শিক্ষকের চাকুরী সরকারিকরণ সম্পর্কে সুপারিশ/মতামতসহ তথ্যাদি পরবর্তী ১৫ দিনের মধ্যে কেন্দ্রীয় টাস্কফোর্সে প্রেরণ।

**৩.৩ বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ সংক্রান্ত কেন্দ্রীয় টাস্কফোর্স**

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৩) | মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট। | সদস্য |
| (৪) | যুগ্ম-সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৬) | পরিচালক (প্রশাসন ও অর্থ), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট। | সদস্য |
| (৭) | উপ-সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কেন্দ্রীয় টাস্কফোর্সের কর্ম-পরিধি :**

(ক) উপজেলা যাচাই-বাছাই কমিটি ও জেলা যাচাই-বাছাই কমিটিকে প্রযোজ্য ক্ষেত্রে নির্দেশনা ও পরামর্শ প্রদান;

(খ) জেলা যাচাই-বাছাই কমিটির সুপারিশকৃত বিদ্যালয়সমূহের দলিলপত্র ও সংশ্লিষ্ট তথ্যাদি পরীক্ষাসহ ন্যূনতম ১% দৈবচয়ন (Random) ভিত্তিতে পরিদর্শন;

(গ) জেলা যাচাই-বাছাই কমিটি কর্তৃক চাকুরী সরকারিকরণের জন্য সুপারিশকৃত শিক্ষকদের যোগ্যতা, নিয়োগ ও প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাবলী পর্যালোচনা;

(ঘ) উপজেলা যাচাই-বাছাই কমিটি ও জেলা যাচাই-বাছাই কমিটির সুপারিশের বিষয়ে কোন আপত্তি উত্থাপিত হইলে তাহা নিষ্পত্তিকরণ;

(ঙ) বিদ্যালয় অধিগ্রহণ এবং শিক্ষকদের চাকুরী সরকারিকরণের সাথে সংশ্লিষ্ট ও প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি;

(চ) জাতীয়করণযোগ্য বিদ্যালয় ও চাকুরী সরকারিকরণের জন্য শিক্ষকদের তালিকা চূড়ান্তকরণ।

৪.০ উপজেলা যাচাই-বাছাই কমিটি, জেলা যাচাই-বাছাই কমিটি ও কেন্দ্রীয় টাস্কফোর্স কর্তৃক অধিগ্রহণযোগ্য বিদ্যালয় বাছাই এবং শিক্ষকের চাকুরী সরকারিকরণের বিষয়ে সুপারিশ প্রণয়নকালে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণের আবশ্যকতার প্রতি লক্ষ্য রাখিতে হইবে।

**৪.১ বিদ্যালয় সংক্রান্ত :**

(ক) বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম চলমান থাকিতে হইবে;

(খ) বিদ্যালয়ের নামে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন নীতিমালা অনুসারে প্রয়োজনীয় পরিমাণ অবিচ্ছিন্ন জমি থাকিতে হইবে। তবে জমির পরিমাণ কম হইলে অথবা জমি ভিন্ন ভিন্ন দাগে থাকিলে বাস্তবতার আলোকে ক্ষেত্র বিশেষে শর্তটি শিথিলযোগ্য হইতে পারে;

(গ) ব্যক্তি নামে স্থাপিত বিদ্যালয়ের ক্ষেত্রে নির্ধারিত পরিমাণের অর্থ বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলে থাকিতে হইবে অথবা সরকার কর্তৃক এই শর্ত শিথিল করা হইয়াছে মর্মে প্রামাণ্য দলিল থাকিতে হইবে;

(ঘ) বিদ্যালয়টিকে একটি পূর্ণাঙ্গ বিদ্যালয় হইতে হইবে অর্থাৎ ইহাতে ১ম হইতে ৫ম শ্রেণী পর্যন্ত পাঠদান চালু থাকিতে হইবে;

(ঙ) বিদ্যালয়ে ১ম হইতে ৫ম শ্রেণী পর্যন্ত কমপক্ষে ১৫০ জন ছাত্র-ছাত্রী থাকিতে হইবে। তবে চরাঞ্চল, চা বাগান, হাওড়-বাওড় ও পার্বত্য জেলাসমূহে অবস্থিত বিদ্যালয় ও কমিউনিটি বিদ্যালয়ের ক্ষেত্রে এই সংখ্যা ৫০ জন হইলেও চলিবে;

(চ) বিদ্যালয়ের ২ কিলোমিটারের মধ্যে অন্য কোন বিদ্যালয় না থাকিলে ছাত্র-ছাত্রী সংখ্যা ১৫০ জনের কম (চরাঞ্চল, চা বাগান, হাওড়-বাওড় ও পার্বত্য জেলাসমূহে অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে ৫০ জনের কম) হইলেও তাহা অধিগ্রহণের জন্য বিবেচনা করা যাইবে;

(ছ) ৫ম শ্রেণী পর্যন্ত চালু নাই এইরূপ কমিউনিটি বিদ্যালয় ইতোমধ্যে এমপিওভুক্ত হইয়া থাকিলে তাহা বিবেচনা করা যাইবে;

(জ) বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম সম্পূর্ণ অবৈতনিক হইতে হইবে;

(ঝ) বিদ্যালয়ে ১ম হইতে ৫ম শ্রেণী পর্যন্ত পাঠদানের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড নির্ধারিত পাঠক্রম ও পাঠ্যপুস্তক ব্যবহৃত হইতে হইবে;

(ঞ) উচ্চ বিদ্যালয় সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়, বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত প্রাথমিক বিদ্যালয় এবং বিভিন্ন স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত/বেসরকারি সংস্থা কর্তৃক নিজস্ব উদ্যোগে স্থাপিত ও পরিচালিত প্রাথমিক বিদ্যালয় অধিগ্রহণের জন্য বিবেচিত হইবে না;

(ট) প্রয়োজনীয় শর্ত পূরণ করা স্বত্ত্বেও জাতীয়করণের আওতাভুক্ত হইতে অনিচ্ছুক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ও অধিগ্রহণের জন্য বিবেচিত হইবে না;

**৪.২ শিক্ষক সংক্রান্ত :**

(ক) এমপিওভুক্ত সকল শিক্ষকের চাকুরী সরকারিকরণের উপযুক্ত বিবেচিত হইবে;

(খ) বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের চাকুরীতে যোগদানকালীন সময়ে বা তারিখে প্রযোজ্য/ প্রয়োজনীয় যোগ্যতা থাকিতে হইবে। তবে যথাযথ প্রক্রিয়ায় নিয়োগকৃত হইয়া থাকিলে চাকুরী সরকারিকরণের পরবর্তী ৩ বৎসরের মধ্যে নির্ধারিত যোগ্যতা অর্জনের শর্তে প্রয়োজনীয় যোগ্যতাবিহীন শিক্ষককেও বিবেচনা করা যাইবে;

(গ) ইত:পূর্বে এমপিওভুক্ত হইয়াছে কিন্তু শৃঙ্খলাজনিত কিংবা প্রশাসনিক অথবা অন্যবিধ কারণে বর্তমানে এমপিও স্থগিত রহিয়াছে এইরূপ শিক্ষককেও বিবেচনা করা যাইবে;

(ঘ) বিদ্যালয়ে সাধারণভাবে ১ জন প্রধান শিক্ষকসহ ৪ জন শিক্ষকের পদ থাকিবে। তবে ৪০০ জনের অধিক ছাত্র-ছাত্রী আছে এমন বিদ্যালয়ে ৫ম শিক্ষকের পদ সৃজিত থাকিলে তাহা বিবেচনা করা যাইবে;

(ঙ) প্রয়োজনীয় যোগ্যতা এবং নির্ধারিত পদ্ধতিতে নিয়োগকৃত হইয়া থাকিলে নির্ধারিত বয়সের কম অথবা বেশী বয়সে যোগদানকারী শিক্ষককে প্রয়োজনীয় যোগ্যতা থাকা ও নির্ধারিত পদ্ধতিতে নিয়োগকৃত হওয়া সাপেক্ষে বিবেচনা করা যাইবে।

৫.০ উপরের ৪.০ অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলীর প্রয়োগ সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপিত হইলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় লিখিত আদেশ দ্বারা তাহা নিরসন করিতে পারিবে।

**সংযুক্ত ছক**

**ছক-ক**

**বিদ্যালয় সংক্রান্ত তথ্য**

জেলা: উপজেলা :

| নং | বিদ্যালয়ের নাম | ঠিকানা (গ্রাম ও ইউনিয়ন) | প্রতিষ্ঠার বছর | স্থাপন ও চালুর অনুমতির নম্বর ও তারিখ (যদি থাকে) | অস্থায়ী রেজিস্ট্রেশনের নম্বর ও তারিখ (যদি থাকে) | স্থায়ী রেজিস্ট্রেশনের নম্বর ও তারিখ (যদি থাকে) | চতু:পার্শ্বে অবস্থিত নিকটবর্তী উচ্চ/ মাধ্যমিক/ প্রাথমিক বিদ্যালয়ের নাম ও দূরত্ব | এমপিওভুক্তির তারিখ (যদি থাকে) | পাঠদানে জাতীয় পাঠক্রম ও পাঠ্যপুস্তক অনুসরণ করা হয় কি না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | পূর্ব............. | | | |
| | | | | | | | পশ্চিম........... | | | |
| | | | | | | | উত্তর............ | | | |
| | | | | | | | দক্ষিণ........... | | | |

## ছক-খ

## বিদ্যালয়ের শিক্ষক সংক্রান্ত তথ্য

জেলাঃ উপজেলা :

| নং | বিদ্যালয়ের নাম ও ঠিকানা | শিক্ষকের নাম | চাকুরীতে যোগদানের তারিখ | সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা | জন্ম তারিখ | এমপিওভুক্তির নম্বর ও তারিখ (যদি থাকে) | ইনডেক্স নম্বর (যদি থাকে) | প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য | শৃঙ্খলা/ মামলা জনিত তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১. | | | | | | | | |
| | | ২. | | | | | | | | |
| | | ৩. | | | | | | | | |
| | | ৪. | | | | | | | | |
| | | ৫. (৫ম পদ সৃজিত থাকলে) | | | | | | | | |

## ছক-গ

## বিদ্যালয়ের সম্পত্তি ও দায়-দেনা সংক্রান্ত তথ্য

জেলা : উপজেলা :

| নং | বিদ্যালয়ের নাম ও ঠিকানা | জমির পরিমাণ | জমির তফসিল (মৌজা, দাগ, খতিয়ান, চৌহদ্দি) | জমির মালিকানা | দলিল নম্বর ও তারিখ | বিদ্যালয়ের ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক ও শাখার নাম | ব্যাংক হিসাবে গচ্ছিত আমানতের পরিমাণ | বিদ্যালয় ভবনের বিবরণ (পাকা/সেমিপাকা/ কাঁচা) | জমি সংক্রান্ত কোন বিরোধ/ মামলা থাকলে তার বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |

ছক-ঘ

বিদ্যালয়ের শ্রেণীকক্ষ ও শিক্ষার্থী সংক্রান্ত তথ্য

জেলা : উপজেলা :

| নং | বিদ্যালয়ের নাম ও ঠিকানা | কক্ষের সংখ্যা | শিক্ষার্থীর সংখ্যা | | | | | | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ১ম শ্রেণী | | ২য় শ্রেণী | | ৩য় শ্রেণী | | ৪র্থ শ্রেণী | | ৫ম শ্রেণী | | মোট | | | |
| | | | ছাত্র | ছাত্রী | ছাত্র | ছাত্রী | ছাত্র | ছাত্রী | ছাত্র | ছাত্রী | ছাত্র | ছাত্রী | ছাত্র | ছাত্রী | মোট | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এম, নিয়াজউদ্দিন**
ভারপ্রাপ্ত সচিব।

ড. মোঃ আলী আকবর (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd